কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
নীতি-৫ শাখা
www.moa.gov.bd

**স্মারক নং-১২.০০.০০০০.০৭৯.২২.০০১.২০১৯ (পার্ট-১)-৩৭**

**তারিখ: ২৭ মাঘ ১৪৩১ / ১০ ফেব্রুয়ারি ২০২৫**

# প্রজ্ঞাপন

টেকসই কৃষি যান্ত্রিকীকরণের লক্ষ্যে দেশে প্রস্তুতকৃত ও আমদানিকৃত কৃষি যন্ত্রপাতির গুণগতমান বজায় রাখার স্বার্থে কারিগরি উপ-কমিটি (Technical Sub-Committee) নিম্নরূপে পুনর্গঠন করা হলো:

২। কারিগরি উপ-কমিটি (Technical Sub-Committee)

| ক্র.নং | নাম এবং পদবী | প্রস্তাবিত পদ |
|---|---|---|
| ১. | মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (সিএসও), কৃষি প্রকৌশল ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল | সভাপতি |
| ২. | প্রতিনিধি, কৃষি শক্তি ও যন্ত্র বিভাগ, কৃষি প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৩. | উপসচিব/সিনিয়র সহকারি সচিব, নীতি-৫ শাখা, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | প্রতিনিধি (কৃষি প্রকৌশলী), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ৫. | প্রধান, কৃষি যন্ত্রপাতি টেস্টিং ও ট্রেনিং সেন্টার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ৬. | প্রতিনিধি, ফার্ম মেশিনারি এন্ড পোস্ট হারভেস্ট টেকনোলজি বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট | সদস্য |
| ৭. | প্রতিনিধি (কৃষি প্রকৌশলী), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | সদস্য |
| ৮. | বিভাগীয় প্রধান, কৃষি প্রকৌশল বিভাগ, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট | সদস্য |
| ৯. | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পিএসও), কৃষি প্রকৌশল ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল | সদস্য |
| ১০ | বিভাগীয় প্রধান, ফার্ম মেশিনারি এন্ড পোস্ট হারভেস্ট প্রসেস ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট | সদস্য সচিব |

৩। কমিটি প্রয়োজনে এক বা একাধিক বিশেষজ্ঞ সদস্য কো-অপ্ট করতে পারবে।

৪। Technical Sub-Committee (TSC) এর কার্যপরিধি (Terms of Reference):

ক) কৃষি যন্ত্রপাতির ল্যাব ও ফিল্ড টেস্টের জন্য আন্তর্জাতিকভাবে নির্ধারিত মানদন্ড অনুযায়ী (ISO, ANTAM, OECD, ARNAM etc.) দেশীয় উপযোগী ম্যানুফ্যাকচারিং কোড, টেষ্টিং কোড এবং টেষ্টিং প্রটোকল প্রস্তুতকরণ এবং মানদন্ড নির্ধারণপূর্বক অনুমোদনের জন্য National Standardization Committee (NSC)-তে প্রেরণ;

খ) NSC কর্তৃক অনুমোদিত টেষ্টিং কোডের আওতায় কৃষি যন্ত্রপাতির ল্যাব ও ফিল্ড টেস্টের মাধ্যমে পরিক্ষণ, মূল্যায়ন ও প্রতিবেদন প্রস্তুতকরণ এবং অনুমোদনের জন্য NSC-তে প্রেরণ;

গ) বাংলাদেশে ব্যবহারের জন্য প্রস্তুতকৃত ও আমদানিকৃত কৃষি যন্ত্রপাতির উপযোগিতার কারিগরি দিক সম্পর্কে মতামত প্রদান;

ঘ) NSC এর চাহিদা মোতাবেক মূল্যায়নকৃত কৃষি যন্ত্রপাতির টেস্ট রিপোর্ট, কারিগরি ব্রোশিউর, লিফলেট এবং উপযুক্ততার উপর মতামত প্রদান;

ঙ) সার্টিফিকেট প্রদানকৃত কৃষি যন্ত্রপাতির মান নিয়মিতভাবে উৎপাদন/ব্যবহার পর্যায়ে পরিদর্শনের সময় নির্ধারিত গুণগত মান যেকোন পর্যায়ে ব্যত্যয় পরিলক্ষিত হলে সার্টিফিকেট স্থগিত/বাতিলের সুপারিশ NSC-তে প্রেরণ;

চ) ম্যানুফ্যাকচারিং কোম্পানির আবেদনের প্রেক্ষিতে ম্যানুফ্যাকচারিং প্লান্ট/উৎপাদনকৃত কৃষি যন্ত্রপাতির মানদন্ড নির্ধারণের উদ্যোগ গ্রহণ এবং পরীক্ষার মাধ্যমে উপযুক্ততা/অনুপযুক্ততা উল্লেখসহ NSC-তে সুপারিশ প্রেরণ;

ছ) সরকারি সংস্থার মাধ্যমে ক্রয় / বিনামূল্যে / উন্নয়ন সহায়তায় কৃষক পর্যায়ে কৃষি যন্ত্র সরবরাহের ক্ষেত্রে আবশ্যিকভাবে সরবরাহকৃত (দেশীয়/আমদানিকৃত) যন্ত্রের মান যাচাই করা;



CamScanner

জ) কৃষি যন্ত্রপাতির মানদন্ড নির্ধারণের জন্য নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনাকরণ:
- যন্ত্রের সাথে শক্তির (ইঞ্জিন, মোটর, সৌর শক্তি) সামঞ্জস্যের সুপারিশ;
- মানসম্মত সেবা নিশ্চিতকরণে ব্যবহার বিধি নির্ধারণ;
- যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণ এর প্রয়োজনীয় সিডিউল নির্ধারণ;
- বিভিন্ন ধরনের কৃষি যন্ত্রপাতি মডেলের উপযোগিতা যাচাই;
- মানদন্ড নির্ধারণের জন্য ফি নির্ধারণ।

৫। এতদ্বারা কৃষি মন্ত্রণালয়ের (১) স্মারক নং PMU (BADC)-Irri (Misc)-40/83/585, তারিখ: 06/10/83 এবং (২) স্মারক নং শাখা-১২/সেচ (মানা)-২/৮৮/৯৪, তারিখ: ৩০/০১/৮৯ বাতিল করা হলো।

৬। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১০/০২/২০২৫
শরীফ মোঃ ইসমাইল হোসেন
উপসচিব
ফোন : ৫৫১০০৩৮৫
ই-মেইলঃ policy5@moa.gov.bd

বিতরণ (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) গর্ভনর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা;
২) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, প্লট# এফ ১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা;
৩) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪) সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫) চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, দিলকুশা/বা এলাকা, মতিঝিল, ঢাকা;
৬) অতিরিক্ত সচিব (সম্প্রসারণ/গবেষণা/ পরিকল্পনা/ প্রশাসন/সার ব্যবস্থাপনা ও উপকরণ/ নীতি পরিকল্পনা ও সমন্বয়/বীজ) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা;
৮) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা;
৯) মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা;
১০) মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট;
১১) মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট;
১২) মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট;
১৩) যুগ্ম সচিব, নীতি পরিকল্পনা অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৪) মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা;
১৫) মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, সেচ ভবন, ঢাকা;
১৬) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর;
১৭) মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (বিএসআরআই) ঈশ্বরদী, পাবনা;
১৮) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, দিনাজপুর;
১৯) বিভাগীয় প্রধান, কৃষি শক্তি ও যন্ত্র বিভাগ, কৃষি প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়;
২০) নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা;
২১) পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা;



CamScanner

২২) নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান), আড়াই হাজার, নারায়নগঞ্জ;
২৩) ব্যবস্থাপনা পরিচালক, হর্টেক্স ফাউন্ডেশন, সেচ ভবন (৪র্থ তলা), ২২ মানিক মিয়া এভিনিউ, শেরে বাংলা নগর, ঢাকা;
২৪) নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বিএমডিএ, রাজশাহী;
২৫) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এফএমপিই বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
২৬) চিফ সাইন্টিফিক অফিসার, খামার যন্ত্রপাতি ও ফলনোত্তর প্রযুক্তি, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
২৭) পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর;
২৮) প্রকল্প পরিচালক, খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর;
২৯) প্রকল্প পরিচালক, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা;
৩০) জনাব মো: শফিকুল ইসলাম শেখ, উপপ্রকল্প পরিচালক, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা;
৩১) জনাব আলিমুল এহসান চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারক এসোসিয়েশন বাংলাদেশ;
৩২) জনাব মোঃ ওয়ালিউল্লাহ, প্রোপাইটর, জনতা ইঞ্জিনিয়ারিং সরজগঞ্জ বাজার চুয়াডাঙ্গা (সাধারণ সম্পাদক, কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারক এসোসিয়েশন বাংলাদেশ);
৩৩) জনাব খন্দকার মঈনুর রহমান (জুয়েল), সভাপতি, বাংলাদেশ কৃষি যন্ত্রপাতি মার্চেন্ট এসোশিয়েশন, ঢাকা;
৩৪) জনাব সাইফুর রহমান মৃধা, সাধারণ সম্পাদক, বাংলাদেশ কৃষি যন্ত্রপাতি মার্চেন্ট এসোসিয়েশন, ঢাকা;
৩৫) জনাব মোঃ আব্দুল মালেক আকন্দ, প্রোপ্রাইটর, মেসার্স আল মদিনা মেটাল ওয়ার্কস, বগুড়া (সভাপতি, ফাউন্ড্রি ওনার্স এসেসিয়েশন, বাংলাদেশ);
৩৬) জনাব মোঃ আজিজার রহমান মিল্টন, প্রোপ্রাইটর, মেসার্স লিটন মেটাল ওয়ার্কস, বগুড়া (সাধারণ সম্পাদক, ফাউন্ড্রি ওনার্স এসোসিয়েশন, বাংলাদেশ)।

**স্মারক নং-১২.০০.০০০০.০৭৯.২২.০০১.২০১৯ (পার্ট-১)-৩৭** **তারিখ: ২৭ মাঘ ১৪৩১ / ১০ ফেব্রুয়ারি ২০২৫**

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২) সাহকারি প্রগ্রামার-২, কৃষি মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোদসহ);
৩) ব্যক্তিগত কর্মকর্তা, নীতি পরিকল্পনা ও সমন্বয় অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়;
৪) প্রশাসনিক কর্মকর্তা, নীতি পরিকল্পনা অধিশাখা, কৃষি মন্ত্রণালয়;
৫) অফিস কপি।

১০/০২/২০২৫
শরীফ মোঃ ইসমাইল হোসেন
উপসচিব



CamScanner